



অতিরিক্ত ফি আদায়ের অভিযোগ

প্রকাশ : ২০ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

ভূঁগাপুর পাইলট উচ্চ বিদ্যালয়

ভূঁগাপুর (টাঙ্গাইল) সংবাদদাতা

ভূঁগাপুরে পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ে শিক্ষার্থীদের কাছ থেকে অতিরিক্ত অর্থ আদায়ের অভিযোগ উঠেছে। টেষ্ট পরীক্ষার নামে বাড়তি অর্থ আদায় করা হলেও কোনো ধরনের রসিদ দেয়নি বিদ্যালয় কর্তৃপক্ষ। আর এতে ক্ষেত্র প্রকাশ করেছেন অভিভাবকরা।

ভূঁগাপুরে পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক লাল মাহমুদ মিয়া জানান, বাড়তি টাকা আদায়ের অভিযোগ মিথ্যা। টাকা আদায়ের সময় রসিদ দেওয়া হয়নি কৌশলগত কারণে। পরে শিক্ষার্থীদের রসিদ দেওয়া হবে। এছাড়া শিক্ষার্থীদের কাছ থেকে আদায় করা টাকা ব্যাংকে জমা রাখা হয়েছে।

উপজেলা মাধ্যমিক কর্মকর্তা শাহীনুর ইসলাম জানান, বিদ্যালয়ের শিক্ষার্থীদের কাছ থেকে বাড়তি টাকা আদায়ের অভিযোগের সত্যতা পাওয়া গেছে। এ বিষয়ে অভিভাবকরা অভিযোগ দিয়েছেন। তদন্ত অব্যাহত আছে।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

